# রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

হাদিস নাম্বারঃ ৯২৪ [আন্তর্জাতিক নাম্বারঃ ৯১৯]

৬/ রোগীদর্শন ও জানাযায় অংশগ্রহণ (كتاب عيادة المريض وتشييع الميت والصلاة عليه وحضور دفنه المكث عند قبره بعد دفنه)

পরিচ্ছেদঃ ১৫১: মৃতের চোখ বন্ধ করার পর দো'আ

(151) بَابُ مَا يَقُوْلُهُ بَعْدَ تَغْمِيْضِ الْمَيِّتِ

---

আরবী

عَن أُمِّ سَلَمَةَ رَضِيَ اللهُ عَنهَا، قَالَتْ: دَخَلَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم صلى الله عليه وسلم عَلَى أَبي سَلَمَةَ وَقَدْ شَقَّ بَصرُهُ، فَأَغْمَضَهُ، ثُمَّ قَالَ: إنَّ الرُّوحَ إِذَا قُبِضَ، تَبِعَهُ البَصَرُ فَضَجَّ نَاسٌ مِنْ أَهْلِهِ، فَقَالَ: لاَ تَدْعُوا عَلَى أَنْفُسِكُمْ إلاَّ بِخَيْرٍ، فَإنَّ المَلاَئِكَةَ يُؤَمِّنُونَ عَلَى مَا تَقُولُونَ ثُمَّ قَالَ: اَللهم اغْفِرْ لأَبِي سَلَمَة، وَارْفَعْ دَرَجَتَهُ فِي المَهْدِيِّينَ، وَاخْلُفْهُ فِي عَقِبِهِ فِي الغَابِرِينَ، وَاغْفِرْ لَنَا وَلَهُ يَا رَبَّ العَالَمِينَ، وَافْسَحْ لَهُ في قَبْرِهِ، وَنَوِّرْ لَهُ فِيهِ .
رواه مسلم

বাংলা

১/৯২৪। উম্মে সালামাহ রাদিয়াল্লাহু ’আনহা বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আবূ সালামার নিকট গেলেন। তখন তাঁর (আত্মা বের হওয়ার পর) চোখ খোলা ছিল। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তা বন্ধ করার পর বললেন, ’’যখন (কারো) প্রাণ নিয়ে নেওয়া হয়, তখন চোখ তার দিকে তাকিয়ে থাকে।’’ (এ কথা শুনে) তাঁর পরিবারের কিছু লোক চিল্লিয়ে কাঁদতে আর□স্ত করল। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, ’’তোমরা নিজেদের আত্মার জন্য মঙ্গলেরই দো’আ কর। কেননা, ফিরিশ্তাবর্গ তোমাদের কথার উপর ’আমীন’ বলেন।’’ অতঃপর তিনি এই দো’আ বললেন,

’আল্লা-হুম্মাগফির লি আবী সালামাহ, (এখানে মৃতের নাম নিতে হবে) অরফা’ দারাজাতাহু ফিল মাহদিইয়্যীন, ওয়াখলুফহু ফী আক্বিবিহী ফিল গা-বিরীন, অগফির লানা অলাহু ইয়া রাববাল ’আ-লামীন, ওয়াফসাহ লাহু ফী ক্বাবরিহী অ নাউওয়িরলাহু ফীহ।’

অর্থাৎ হে আল্লাহ! তুমি (অমুককে) মাফ করে দাও এবং হিদায়াতপ্রাপ্তদের দলে ওর মর্যাদা উন্নত কর, অবশিষ্টদের মধ্যে ওর পশ্চাতে ওর উত্তরাধিকারী দাও। আমাদেরকে এবং ওকে মার্জনা করে দাও হে বিশ্বজগতের প্রতিপালক! ওর কবরকে প্রশস্ত করো এবং ওর জন্য কবরকে আলোকিত করো। (মুসলিম) [1]

## English

(151) Chapter: Supplication to be made soon after a Person's Death

Umm Salamah (May Allah be pleased with her) reported:
The Messenger of Allah (ﷺ) visited Abu Salamah (May Allah be pleased with him) when his eyes were open soon after he died. He closed them (the eyes) for him and said, "When the soul is taken away, the sight follows it." Some members of his family began to weep. He (ﷺ) said: "Do not supplicate for yourselves anything but good, for the angels say 'amin' to what you say." Then he said, "O Allah! Forgive Abu Salamah, raise his rank among those who are rightly-guided and grant him a successor from his descendants who remain behind. Grant him pardon and us, too. O Rubb of the worlds. Make his grave spacious for him and give him light in it."

[Muslim].

Commentary: When the soul leaves the body, the eyes remain open as if gazing at it. So, the eyes of the dead body should be closed. Secondly, one should avoid uttering any imprecation on such occasions as the angels, present on the occasion, say `Amin' to it. Thirdly, the Prophet's example requires the pious persons to visit a bereaved family. Condoling them, they should invoke supplication and blessing for the departed soul. Besides, they should pray to Allah to bless the bereaved with both spiritual and material gains and multiple goodness. Supplication, as other Ahadith also tell us, is beneficial to the dead person. Condolence and supplication is undoubtedly a confirmed practice of the Prophet (PBUH). We are supposed to follow only what the Prophet (PBUH) did on such occasions, that is to say, to pray for both the departed soul and the bereaved family. This is not confirmed if in any mourning session, the Prophet ü ever prayed by raising his hands. But in view of the accepted mode of praying, to raise hands is also allowable.

### ফুটনোট

[1] মুসলিম ৯২০, আবূ দাউদ ৩১১৮, ইবনু মাজাহ ১৪৫৪, আহমাদ ২৬০০৩

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন  বর্ণনাকারীঃ উম্মু সালামাহ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=23956

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন